# আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরিত
# বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য

## ১। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর সিটিজেন চার্টার ঃ

বিচার কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তি, আইনজীবী ও বিচার ব্যবস্থার সহিত সম্পৃক্ত কতিপয় অন্যান্য পেশাজীবীগণের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য ১৯৯৫ সনের ১৫নং আইন দ্বারা বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়। বিচারপ্রার্থী জনগণের ন্যায় বিচার নিশ্চিতকরণ ও দ্রুত মামলা নিস্পত্তির লক্ষ্যে বিচার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের দক্ষতা বৃদ্ধিকল্পে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করিয়া থাকেঃ

(ক) বিচার কর্ম বিভাগে নিযুক্ত ব্যক্তি, সরকারী মামলা পরিচালনার দায়িত্ব পালনকারী আইন কর্মকর্তা, বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক সংরক্ষিত তালিকায় অন্তর্ভুক্ত এডভোকেট এবং সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের অধঃস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান;

(খ) আইন এবং বিভিন্ন প্রকার আইনগত দলিলের খসড়া প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন ও পরিচালনা;

(গ) আন্তর্জাতিক সাহায্য সংস্থার সহযোগিতায় আইন এবং বিভিন্ন প্রকার আইনগত দলিলের খসড়া প্রণয়ন বিষয়ে বিভিন্ন দেশের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান;

(ঘ) আদালত ব্যবস্থাপনা সম্পর্কে গবেষণা এবং তথ্যানুসন্ধান করা এবং উক্তরূপ গবেষণা ও তথ্যানুসন্ধানলব্ধ তথ্যাদি প্রকাশ;

(ঙ) বিচার ব্যবস্থা ও বিচার কার্যের গুণগত উন্নয়নের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, ওয়ার্কশপ ও সিম্পোজিয়ামের আয়োজন ও পরিচালনা;

(চ) বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা বিষয়ে সাময়িকী, প্রতিবেদন ইত্যাদি প্রকাশ;

(ছ) বিচার ব্যবস্থা ও আদালত ব্যবস্থাপনা সম্পর্কিত যে কোন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;

৭A

(জ) এই আইনের অধীন প্রশিক্ষণের পাঠক্রম ও অধ্যয়নের বিষয় নির্দিষ্ট করা এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি নির্ধারণ;

(ঝ) ইনস্টিটিউটে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণকে সার্টিফিকেট প্রদান;

(ঞ) লাইব্রেরী ও পাঠাগার স্থাপন ও উহাদের পরিচালনা;

(ট) বিচার প্রশাসন ব্যবস্থাকে সক্রিয় করার উদ্দেশ্যে বিধি দ্বারা নির্ধারিত যে কোন কাজ;

(ঠ) মাঠ পর্যায়ের বিচারকগণের দ্রুততম সময়ে মামলা-মোকদ্দমা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ/ আইন সংশ্লিষ্ট রেফারেন্স সরবরাহকরণ;

২। **অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ঃ**

পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৭৪০৯৯ (অফিস)

৩। **তথ্য অবমুক্তকরণ কর্মকর্তা ঃ**

পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৭৪০৯৯ (অফিস)

৪। **তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ**

পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৭৪০৯৯ (অফিস)

৫। **তথ্য প্রদানকারী বিকল্প কর্মকর্তা ঃ**

সহকারী পরিচালক (প্রশাসন)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
ফোন-৯৫৬৪৯০০ (অফিস)

ই-মেইল প্রেরণের তারিখ: ১২/০১/২০১৬

প্রাপক: প্রোগ্রামার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

C:\Users\JATI\Desktop\Citizen Charter-JATI.doc